

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-২
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৩.৩২.২৬২.১৪- ৬৯৮

তারিখঃ ২৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
১১ জুলাই, ২০১৬ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ পরিকল্পনা বিভাগের সহকারী পরিচালক জনাব মুরশীদ হাসান (অবসরপ্রাপ্ত)-এর অনুকূলে আনুতোষিক ও মাসিক অবসর ভাতা মঞ্জুরী প্রসংগে।

মহোদয়,

পরিকল্পনা বিভাগের সহকারী পরিচালক জনাব মুরশীদ হাসান (অবসরপ্রাপ্ত)-কে ২৩/০৩/২০১৫ তারিখের ২০.০০.০০০০.৩০৩.৩২.২৬২.১৪-১৮৯ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে ০৯/০৪/২০১৫ তারিখ সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয় এবং ১০/০৪/২০১৫ হতে ০৯/০৪/২০১৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হয়। অর্থ বিভাগের ২৭/০১/২০০৯ তারিখের বেসাময়িক সরকারী চাকুরীদের পেনশন মঞ্জুরী ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকার সহজীকরণ স্মারকের ২.১৩ অনুচ্ছেদ মোতাবেক তাঁর পাণ্ডা আনুতোষিক ও মাসিক অবসর ভাতা মঞ্জুরীর জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ নির্ধারিত ছক যথাযথভাবে পূরণপূর্বক তিনি আবেদন করেছেন। প্রাপ্ত কাগজপত্র এবং না-দাবীপত্রসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, তাঁর নিকট সরকারের কোন পাওনা নেই। তবে ভবিষ্যতে কোন পাওনা আছে মর্মে প্রমাণিত হলে তিনি তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।


২। হিসাব নিরীক্ষণ কার্যালয়ের প্রতিবেদন অনুযায়ী যে পরিমাণ আনুতোষিক ও মাসিক অবসর ভাতা প্রাপ্য বলে খার্য করা হবে, উহা সহকারী পরিচালক জনাব মুরশীদ হাসান (অবসরপ্রাপ্ত)-এর অনুকূলে প্রদানের জন্য আদিষ্ট হয়ে এতদ্বারা মঞ্জুরী জ্ঞাপন করা হল। সে মর্মে নির্ধারিত পেনশন ফরমের ৫ম ও ৬ষ্ঠ পৃষ্ঠার তৃতীয় অংশে কর্তৃপক্ষ স্বাক্ষর করেছেন।

৩। অতএব, পরিকল্পনা বিভাগের সহকারী পরিচালক জনাব মুরশীদ হাসান (অবসরপ্রাপ্ত)-এর অনুকূলে বিধি মোতাবেক তাঁর পাণ্ডা আনুতোষিক ও মাসিক অবসর ভাতা পরিশোধ আদেশ (পি.পি.ও) জারী করে পরিকল্পনা বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

সংযুক্তিঃ

- (১) পেনশন ফরম।
- (২) নমুনা স্বাক্ষর ও ছবি।
- (৩) অন্যান্য কাগজপত্র।


(মোছাঃ জেসমুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৮০৫৪


ই-মেইলঃ sas.admin2@plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৩.৩২.২৬২.১৪- ৬৯৮/৩(৩)

তারিখঃ ২৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
১১ জুলাই, ২০১৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। জনাব মুরশীদ হাসান, সহকারী পরিচালক (অবসরপ্রাপ্ত), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। বাজেট অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৬। অফিস কপি/ব্যক্তিগত নথি।


(মোছাঃ জেসমুন নাহার)
সিনিয়র সহকারী সচিব